



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.cptu.gov.bd




স্মারক নং- ২১.০০.০০০০.৩৯০.১১.০৬২ (অংশ-০৪).২২.২৭

তারিখঃ ০৯ মাঘ ১৪২৯
২৩ জানুয়ারি ২০২৩

বিষয়ঃ e-GP সিস্টেমের উপর PE'দের প্রশিক্ষণ প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৯ জানুয়ারি-০২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ পর্যন্ত (ব্যাচ-২২) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ হতে ১০ জন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হতে ০১ জন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ হতে ০৭ জন, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন হতে ০১ জন এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন হতে ০১ জন কর্মকর্তার জন্য PE User Module এর ওপর ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের (অনাবাসিক) আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ গ্রহণের নিমিত্ত স্ব-স্ব সংস্থার কর্মকর্তাদের (PE User) মনোনয়ন প্রদানপূর্বক দোহাটেক নিউ মিডিয়া, ৪৩, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০ (Location Map সংযুক্ত) এ সকাল ০৯:০০ টায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য যে, প্রশিক্ষণটি ব্যয়বহুল ও চাহিদার তুলনায় সুযোগ সীমিত বিষয় নির্ধারিত সংখ্যক কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। কোন কারণে প্রশিক্ষণে অনুপস্থিতির সম্ভাবনা দেখা দিলে অন্তত তিনদিন পূর্বে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৩/০১/২০২৩

মোঃ কামরুজ্জামান

সহকারী প্রোগ্রামার

ফোন: ৯১৮০৮৪২

e-mail: ap@cptu.gov.bd

বিতরণ/ কার্যার্থে:

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, মৎস্য পরিকল্পনা-৩ শাখা)।
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ উপসচিব, প্রশিক্ষণ শাখা)।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা (দৃঃআঃ সহকারী প্রকৌশলী, বীজ প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ বিভাগ)।
৪. প্রকল্প পরিচালক, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা (দৃঃআঃ হিসাবরক্ষণ কর্মকর্তা, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ প্রকল্প)।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. চেয়ারম্যান, দোহাটেক নিউ মিডিয়া, ৪৩, পুরানা পল্টন লাইন, ঢাকা (প্রশিক্ষণ আয়োজনের জন্য অনুরোধ করা হ'ল)।
৫. মিস তাসলিমা আক্তার, টিম লিডার, Contract Package#CPTU/AF-S-03A, দোহাটেক নিউ মিডিয়া, ৪৩, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।
৬. পরিচালক, ট্রেনিং, দোহাটেক নিউ মিডিয়া, ৪৩, পুরানা পল্টন লাইন, ঢাকা।
৭. অফিস কপি।